

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING &amp; FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫৮/২০১২

তারিখঃ ০৮/১০/২০১২খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

২৩ আশ্বিন, ১৪১৯ বাংলা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস স্মারক নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৫)/৫৪৯৩ কাস, তারিখঃ ০৪/১০/২০১২ইং সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- ১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৫)/

তারিখ- ১০/২০১২

বিষয়ঃ ২৮ আগস্ট ২০১২ তারিখে কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রামের সাথে চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের যৌথ সভার কার্যবিবরণী।

২৮ আগস্ট, ২০১২ তারিখে কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রাম জনাব ড. মারুফুল ইসলামের সভাপিতত্বে চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের সাথে বিরাজমান কাস্টমস্ বিষয়ক সমস্যা সমাধানকল্পে এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের নেতৃবৃন্দ ও কাস্টম হাউস চট্টগ্রামের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (সংযুক্তি-১)।

সভায় সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের উত্থাপিত আলোচ্যসূচীর উপর আলোচনা হয় ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত
১	শুল্ক মূল্যায়ন বিধিমালা-২০০০ যথাযথ অনুসরণ।	শুল্কায়নের সকল পর্যায়ে শুল্ক মূল্যায়ন বিধিমালা ২০০০ অনুসরণ করা হবে। প্রয়োজনে সুনির্দিষ্ট ক্ষেত্রে কমিশনারের নজরে আনা যেতে পারে।
২	PSI থেকে অব্যহতিপ্রাপ্ত আমদানি চালানের মূল্য নির্ধারণে Data Base মূল্য গ্রহণ।	শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুযায়ী Database থেকে মূল্য তথ্য গ্রহণ করা হবে।
৩	পণ্য কায়িক পরীক্ষাকালে AIR কর্মকর্তাদের বিলম্বে উপস্থিতি।	রাজস্ব কর্মকর্তা এআইআর উপস্থিতির বিষয়টি নিশ্চিত করবেন।
৪	বিনা কারণে বা আমদানিকারকের অপরাধে সিএন্ডএফ এজেন্টের AIN LOCK করা।	কমিশনারের আদেশ ব্যতীত কোন পর্যায়ে হতে AIN LOCK করা হচ্ছে না। এই বিষয়ে ইতোমধ্যে একটি আদেশ জারী করা হয়েছে [অফিস আদেশ নং-৩১, তারিখ-১৫/০৩/১২]। ইতোপূর্বে যে সকল AIN LOCK করা হয়েছে এবং যে সকল ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ System থেকে পাওয়া যাচ্ছে না তা UNLOCK করার ব্যবস্থা নেয়া হবে।
৫	রপ্তানি শুল্কায়ন সেকশনসমূহের কার্যক্রম Pavilion এ স্থানান্তর।	যুগ্ম কমিশনার-১, ডেপুটি কমিশনার-২ ও সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের যুগ্ম সম্পাদক বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে কমিশনারের নিকট রিপোর্ট পেশ করবেন।
৬	Off-Dock সমূহে পণ্যের কায়িক পরীক্ষা/নমুনা উত্তোলনের জন্য জেটি কাস্টমসের কর্মকর্তার অনীহা প্রকাশ।	অফ-ডকসমূহে পণ্যের কায়িক পরীক্ষা ও নমুনা উত্তোলনের যাবতীয় কার্যক্রম স্ব স্ব অফ-ডকে কর্মরত সহকারী রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তাগণ সম্পাদন করবেন। সহকারী কমিশনারগণ সহকারী রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তাগণের কার্যাবলী তত্ত্বাবধান করবেন।

(২)

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত
৭	রপ্তানি পণ্যের VAT পরিশোধ করার পরও দাবীনামা জারীর মাধ্যমে হয়রানী।	যে সকল রপ্তানি পণ্য চালানোর VAT পরিশোধ করা হয়েছে সেগুলির দাবীনামা নিষ্পন্ন করা হবে।
৮	শতভাগ কায়িক পরীক্ষাকৃত পণ্য চালান কমিশনার মহোদয় কর্তৃক Lock থাকলে তা নিষ্পত্তি করা।	শতভাগ কায়িক পরীক্ষাকৃত পণ্য চালানসমূহ প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে অবিলম্বে নিষ্পন্ন করা হবে।
৯	AIR কর্তৃক IGM Lock কৃত পণ্য চালান Unlock হয়ে Delivery হয়ে গেলে একতরফাভাবে সিএন্ডএফ এজেন্টকে দায়ী করা।	এরূপ সুনির্দিষ্ট ক্ষেত্রে বিষয়টি কমিশনারের নজরে এনে নিষ্পন্ন করা হবে।
১০	শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক নির্দেশনা না থাকলেও Embroidery Machine ও সুতার চালান কায়িক পরীক্ষা করতে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর বরাবরে পত্র প্রদান।	Embroidery Machine ও সুতার চালান বিষয়ে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের মূল পত্রটির সূত্রে এই কার্যক্রম অব্যাহত রাখা এখনো প্রাসঙ্গিক বা আবশ্যিক কিনা সে বিষয়ে তাদের মতামতের জন্য পত্র প্রেরণ করা হবে।
১১	সাম্প্রতিককালে মুসক নিবন্ধন নং-১১(এগার) সংখ্যা হওয়ায় বিল অব এন্ট্রিতে ডাটা প্রদানের সমস্যা।	অতিরিক্ত কমিশনার-২ ও সিস্টেম এ্যানালিস্ট বিষয়টি তদন্ত করে ৭(সাত) দিনের মধ্যে প্রতিবেদন দিবেন।
১২	শুল্ককরাদি পরিশোধের পর IGM LOCK থাকলে, খালাসকালে কায়িক পরীক্ষা।	শুল্ককরাদি পরিশোধের পর IGM LOCK থাকলে Risk Factor বিবেচনা করে প্রয়োজনে খালাসকালে কায়িক পরীক্ষার বিষয়টি বিবেচনা করা হবে।
১৩	CRF-এ কমিশনার মহোদয় কর্তৃক কায়িক পরীক্ষার নির্দেশনা না থাকলেও AIR শাখা কর্তৃক কায়িক পরীক্ষা করা।	AIR শাখা কর্তৃক কায়িক পরীক্ষা করার বিষয়টি বিশেষ অভিযোগের পরিপ্রেক্ষিতে কমিশনারের অনুমোদনের ভিত্তিতেই হয়ে থাকে।
১৪	নিলাম সংক্রান্ত নথি নং-পিএসআই/বিবিধ/সভা/১৫৬/০২/ অংশ-১-এর ৮২ ধারা তারিখ- ১৯/১২/০৭ মওকুফকরণের আদেশ না মানা।	৮২ ধারা মওকুফকরণ সংক্রান্ত এই দপ্তরের পত্র নং পিএসআই/বিবিধ/সভা/১৫৬/০২/ অংশ-১-এর ৮২ ধারা তারিখ-১৯/১২/০৭ - এর নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে পরিপালন করতে হবে।

২। পরিশেষে সভাপতি কাস্টম হাউস চট্টগ্রাম সংশ্লিষ্ট যে কোন সমস্যা সমাধানের ক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(ড. মারুফুল ইসলাম)  
কমিশনার অব কাস্টমস্  
কাস্টম হাউস, চট্টগ্রাম  
ফোন # ০৩১-৭১৩৯১৮

ই-মেইল # maruful@nbr.gov.bd

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৫)/৫৪৯৩ কাস

তারিখ-০৪/১০/২০১২।

পৃষ্ঠা নং- ৬৮

প্রচার পত্র নং- ৫৮